খাতওয়ারী জুলাই ২০১৯ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী জুলাই ২০১৯ মাসে **সর্বমোট ২৬৭ কোটি ৩৪ লক্ষ ৫০ হাজার ১৫০ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। জুলাই ২০১৯ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ৪১ কোটি ৭১ লক্ষ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অয়্যার রোপ	৬০ মিটার	৩,৬০,০০০/০০
২।	সোনা	৩,৪৮০ গ্রাম	১,৪৬,১৬,০০০/০০
৩।	চারু	১৬৫ টি	৩২,০০০/০০
৪।	কাঁকড়া	৪০ কেজি	১২,০০০/০০
৫।	পাংগাস পোনা/ অবৈধ মাছ	২,২০৬ কেজি	৪,৪১,৮০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৩ টি	-
২।	তাজা গোলা	০৪ রাউন্ড	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	৪,৮৮,২৯,৯০০ মিটার	১৭০,৯০,৪৬,৫০০/০০
২।	বেহুন্দি/মশারি জাল	১,০৬৪ পিস	৫,৪৯,৭৫,০০০/০০
৩।	অন্যান্য জাল	৪৯,১০,৫৫০ মিটার	৪৬,৫৭,৮৮,৫০০/০০
৪।	জাটকা	৫,১০০ কেজি	২৫,১১,০০০/০০
৫।	রেনু পোনা	৫৬,৪০,৪২০ পিস	১,১৫,৯৬,০০০/০০
৬।	বোট	০৬ টি	১,২৪,০৩,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৭,৩৫,০৫৫ পিস	৩৬,৭৫,২৭,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের মদ	৩৫ বোতল	১,০৫,০০০/০০
৩।	গাঁজা	৩১২ গ্রাম	৯,৩৬০/০০
৪।	দেশীয় মদ	১,০১৩ লিটার	৫,১৩,০০০/০০
৫।	মোবাইল	০৮ টি	১৮,৫০০/০০
৬।	নগদ টাকা	-	১,১১০/০০
৭।	বোট	০১ টি	৩,০০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৭৪৬ ঘনফুট	২১,৫৩,৮৮০/০০
পরিবেশে রক্ষা			
১।	তক্ষক	০৩ টি	৩,১০,০০,০০০/০০
২।	জীবিত হরিণ	০১ টি	-
৩।	হরিণের পা	০২ টি	-
৪।	হরিণের শিং	০২টি	-
৫।	পলিথিন	২০০ কেজি	৪০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৩ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী/ক্রু উদ্ধার	১৮ জন	
২।	মৃতদেহ	০১ টি	
৩।	বোট	০২টি	
		সর্বমোট	**২৬৭,৩৪,৫০,১৫০/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুলাই ২০১৯ মাসে **সর্বমোট ২২৫ কোটি ৬৩ লক্ষ ২০ হাজার টাকার** ৪,৪৮,২৯,৯০০ বর্গ মিটার কারেন্ট জাল, ৪৯,১০,৫৫০ বর্গ মিটার অন্যান্য জাল, ৫,১০০ কেজি জাটকা, ১,০৬৪ পিছ বেহুন্দি/ মশারি জাল, ৫৬,৪০,৪১০ পিস রেনু পোনা ও ০৬ টি বোট আটক করা হয়।

৪। **অবৈধ অনুপ্রবেশ রোধ।** মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন রয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। গত ০৭ জুলাই ২০১৯ তারিখে ৫১৬ জন জেলেসহ ৩২টি ভারতীয় মাছ ধরার নৌকা দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে দিকভ্রান্ত হয়ে জানমাল রক্ষায় নিরাপদ আশ্রয়ের খোঁজে বাংলাদেশের জলসীমায় প্রবেশ করে। তাদেরকে পটুয়াখালী জেলার বিসিজি স্টেশান রাবনাবাদের আওতাধীন রাবনাবাদ চ্যানেলে কোস্ট গার্ডের তত্ত্বাবধানে নিরাপদ আশ্রয়ে রাখা হয়। সমুদ্র সহনীয় হলে ভারত-বাংলাদেশের মধ্যে যথাক্রমে ২০১৫ ও ২০১৭ সালে স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও SOP মোতাবেক ভারতীয় জেলেসহ বোটসমূহকে গত ১৬ জুলাই ২০১৯ তারিখে রাবনাবাদ চ্যানেল হতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী জাহাজ মনসুর আলী ও স্বাধীন বাংলা এর মাধ্যমে Escort করে বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সমুদ্রসীমা রেখায় (অক্ষাংশ ২১°১৩ উত্তর এবং দ্রাঘিমাংশ ০৮৯°১৫ পূর্ব) ভারতীয় কোস্ট গার্ড জাহাজ 'আইসিজিএস বিজয়া' এবং 'আইসিজিএস অমোঘ' এর নিকট হস্তান্তর করা হয়।

৫। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান।** গত ২৪ জুলাই ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস মংলা ও বিসিজি স্টেশান কয়রা কর্তৃক কয়রা থানাধীন সুন্দরবনস্থ আংটিহারা আন্দারমানিক খাল এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত এলাকা তল্লাশি করে খালের নিকট পড়ে থাকা বস্তার ভিতর থেকে ০৩টি শ্যুটারগান ও ০৪টি তাজা গোলা উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্রাদি কয়রা থানায় হস্তান্তর করা হয়েছে।

৬। **বোট সহায়তা।**

ক। গত ০২ জুলাই ২০১৯ তারিখে চট্টগ্রাম আলফা এ্যাংকরেজ এলাকায় ০১ টি বোট পানিতে ডুবে যায়। তৎক্ষণাৎ কোস্ট গার্ড বাহিনীর টহল দল কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০১ জন জেলেকে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেকে পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ০৫ জুলাই ২০১৯ তারিখে পুলিশের জরুরি সেবা (৯৯৯) মাধ্যমে জানা যায়, সন্দীপ থানাধীন ভাষান চরের নিকটে বোটের ইঞ্জিন বন্ধ হয়ে চরে আটকে গেছে। তৎক্ষণাৎ কোস্ট গার্ড বাহিনীর আউটপোস্ট সারিকাইত কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০৫ জন যাত্রী ও ০১ টি বোট উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত যাত্রী ও বোট পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

গ। গত ১৭ জুলাই ২০১৯ তারিখে কোস্ট গার্ড বাহিনীর টহল চলাকালীন সময়ে লক্ষীপুর জেলার কমলনগর থানাধীন গাজীপুর চর এলাকায় ০১ টি বোট ডুবে যায়। তৎক্ষণাৎ বিসিজি স্টেশান লক্ষীপুর কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০৬ জন জেলে ও ০১ টি বোট উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলে ও বোট পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ৩১ জুলাই ২০১৯ তারিখে পুলিশের জরুরি সেবা (৯৯৯) মাধ্যমে জানা যায়, কাঁঠালবারী ফেরীঘাট হতে ০২ কিলোমিটার দুরে ফেরী এমভি কিশোর চরে আটকে গেছে। তৎক্ষণাৎ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান মাওয়া কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০৬ জন যাত্রী উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত যাত্রীদের মাওয়া ফেরীঘাটে নিরাপদে পৌছে দেওয়া হয়।